পরিবর্তন করে আমার অয়স্টার নেওয়া উচিত কেন?

2 জানুয়ারী 2008 থেকে পরবর্তী নোটিশ না দেয়া পর্যন্ত

অয়স্টার কার্ড কী?

বাস, টিউব (Tube), ট্রাম ও লন্ডন ওভারগ্রাউন্ডে একবার ভ্রমণের জন্য অয়স্টার সবচেয়ে সাশ্রয়ী উপায়। আপনি ভ্রমণের সময়ে মূল্য প্রদানের জন্য (পে অ্যাজ ইউ গো) আপনার ট্রাভেলকার্ড/বাস পাস, সিজন টিকেট এবং/অথবা নগদ অর্থ আপনার অয়স্টার কার্ডে জমা করতে পারেন।

কেন এটা আমার থাকা উচিত?

দ্রুততর: অয়স্টার আপনার সময় বাঁচায় - আপনি অগ্রিম মূল্য পরিশোধ করতে পারেন বলে আপনাকে আর টিকেটের জন্য লাইনে দাঁড়াতে হবে না।

সহজতর: আপনার অয়স্টার কার্ড পুনঃব্যবহারযোগ্য - নগদ অর্থ দিয়ে শুধু এতে টপ-আপ করে নিন বা প্রয়োজন অনুসারে আপনার ট্রাভেলকার্ড/ বাস পাস নবায়ন করুন।

আরও সস্তা: একবারের অয়স্টার ভাড়া সবসময় নগদের থেকে সস্তা - টেবিলের উদাহরণগুলি দেখুন।

কেন এটা আমার থাকা উচিত?

	নগদে একবারের ভাড়া	অয়স্টারে একবারের ভাড়া
টিউব (Tube)/ ডিএলআর (DLR) (জোন 1 ভ্রমণ)	£4.00	**£1.50**
টিউব (Tube)/ ডিএলআর (DLR) (জোন 1-2 ভ্রমণ)	£4.00	**£2.00** (সোমবার-শুক্রবার 0700-1900) **£1.50** (সরকারী ছুটির দিনসহ অন্য সব সময়ের জন্য)
টিউব (Tube)/ ডিএলআর (DLR)/ লন্ডন ওভারগ্রাউন্ড (জোন 1-4 ভ্রমণ)	£4.00	**£2.50** (সোমবার-শুক্রবার 0700-1900#) **£2.00** (সরকারী ছুটির দিনসহ অন্য সব সময়ের জন্য)
বাস/ট্রাম	£2.00	**£0.90**

স্থানীয় ভ্রমণের জন্য, ওয়াটফোর্ড জাংশন থেকে ইউস্টোনসহ নিচের ভাড়া প্রযোজ্য:

ইউস্টোন এর দিকে: সোমবার থেকে শুক্রবার 0700 থেকে 0930 পূর্ব পর্যন্ত।

ইউস্টোন থেকে: সোমবার থেকে শুক্রবার 1600 থেকে 1900 পূর্ব পর্যন্ত।

শিশু, টিনেজার (অল্পবয়স্ক ছেলেমেয়ে) এবং ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে অয়স্টার ফটোকার্ড এবং ডিসকাউন্ট সম্পর্কে তথ্যের জন্য টিউব (Tube) স্টেশন অথবা অয়স্টার টিকেট স্টপ থেকে একটি লিফলেট সংগ্রহ করুন অথবা **tfl.gov.uk/fares** ওয়েবসাইটে যান।

অয়স্টার দিয়ে ভ্রমণের জন্য আমি কীভাবে মূল্য পরিশোধ করতে পারি?

পে অ্যাজ ইউ গো (Pay as you go):

একবারের ভ্রমণের মূল্য পরিশোধ করার জন্য আপনার কার্ডে নগদ অর্থ জমা করে রাখতে পারেন।

আপনি যদি ভ্রমণের সময়ে মূল্য পরিশোধ করা (পে অ্যাজ ইউ গো) বেছে নেন, সেক্ষেত্রে সিস্টেমটি একটি 24 ঘণ্টার* সময়কালের মধ্যে আপনার সব ভ্রমণগুলিকে বিবেচনা করবে এবং আপনি যে মূল্য পরিশোধ করবেন তার উর্ধ্বসীমা নির্ধারণ করবে। এতে সবসময়ই একটি সমতুল্য ডে ট্যাভেলকার্ড বা ওয়ান ডে বাস পাসের চেয়ে আপনার কম খরচ হবে। আমাদের লক্ষ্য হল অয়স্টার যেন সবসময় কম ভাড়া চার্জ করে। যেখানে এটা তা করবে না সেখানে আমরা ব্যবধানটা ফিরিয়ে দেব।

আপনি যদি বেশী ভ্রমণ না করেন, তাহলে চিন্তা করবেন না, আপনার নগদ অর্থের সময়সীমা পেরিয়ে** যাবে না। আপনি যদি আপনার অয়স্টার কার্ড ব্যবহার না করেন এবং কেবলমাত্র যাওয়ার সময়ে মূল্য পরিশোধ (পে অ্যাজ ইউ গো) এর জন্য ব্যবহার করেন, তাহলে আপনি অন্য কাউকে এটা ধার দিতে পারেন।

* 24 ঘণ্টার সময়কাল হল 0430 থেকে এবং পরেরদিন 0430 এর আগে পর্যন্ত।

** আপনার কার্ড যদি 2 বছর ব্যবহৃত না হয় তাহলে আপনাকে সেটি পুনরায় সক্রিয় করতে হবে বা আপনার অব্যবহৃত নগদ ফেরত পাওয়ার জন্য দাবী জানাতে হবে।

অয়স্টার দিয়ে ভ্রমণের জন্য আমি কীভাবে মূল্য পরিশোধ করতে পারি?

অটো টপ-আপ: **(Auto top-up)**

অটো টপ-আপের ক্ষেত্রে যখনই আপনার অয়স্টার কার্ড পে অ্যাজ ইউ গো এর ব্যালান্স £5 এর নীচে চলে যাবে, তখন তা আপনা আপনি £20 বা £40-এ বেড়ে যাবে। এই সার্ভিসটি চালু (সেট আপ) করার জন্য বা আরো বিবরণ পেতে হলে **tfl.gov.uk/oyster** সাইটে যান।

ট্রাভেলকার্ড/ বাস পাস সিজন টিকেট:

আপনি অয়স্টার কার্ডে 7 দিন, মাসিক বা আরো লম্বা সময়ের জন্য ট্রাভেলকার্ড এবং বাস পাস করতে পারেন।

উভয়ের সংমিশ্রণ:

সম্পূর্ণ নমনীয়তার জন্য, আপনার ট্রাভেলকার্ড/ বাস পাসের বৈধতার বাইরে কোনো অপ্রত্যাশিত ভ্রমণের জন্যে আপনি একটিমাত্র অয়স্টার কার্ডে টিকেট এবং নগদ অর্থ জমা রাখতে পারেন।

লন্ডনের মধ্যে ন্যাশনাল রেল এর পরিশোধিত জোনের মধ্যে অয়স্টারের উপর ট্রাভেলকার্ড ব্যবহার করা যাবে - এই সমস্ত জোনের বাইরে ভ্রমণ করা যাবে যদি আপনার ভ্রমণের শুরু ও শেষ স্টেশন অয়স্টার পে অ্যাজ ইউ গো নিয়ে ভ্রমণের জন্য বৈধ হয়।

আমি কীভাবে অয়স্টার ব্যবহার করব?

যাত্রার শুরুতে ও শেষে স্পর্শ করান:

আপনি সঠিক ভাড়া দিচ্ছেন কি না তা সুনিশ্চিত করার জন্য টিউব (Tube), ডিএলআর, লন্ডন ওভারগ্রাউন্ড এবং ন্যাশনাল রেল পরিষেবার যেখানে পে অ্যাজ ইউ গো বৈধ, সেখানে আপনাকে সবসময় যাত্রার শুরুতে প্রবেশের সময়ে এবং যাত্রার শেষে বেরোবার সময়ে হলুদ রিডারে স্পর্শ করাতে হবে। এটি করতে ব্যর্থ হলে আপনাকে সর্বাধিক পরিমাণ নগদ ভাড়া দিতে হবে।

বাস বা ট্রাম ব্যবহারের সময়ে আপনাকে যাত্রার শুরুতে অবশ্যই স্পর্শ করাতে হবে, তবে যাত্রার শেষে করতে হবে না।

আপনার অয়স্টার কার্ডের বৈধতা যাচাই করা হয়েছে কি না তা সুনিশ্চিত করার জন্য যাত্রার শুরুতে বা শেষে স্পর্শ করাবার সময়ে অনুগ্রহ করে সবুজ আলো জ্বলেছে কিনা দেখে নেবেন।

ঠিকভাবে যাত্রার শুরুতে স্পর্শ এবং/বা যাত্রার শেষে স্পর্শ করতে না পারলে, আপনাকে জরিমানা ভাড়া দিতে হতে পারে বা আপনাকে অভিযুক্ত করা হতে পারে।

কীভাবে আমি নবায়ন এবং টপ-আপ করতে পারি?

আপনি আপনার টিকেট নবায়ন করতে পারেন অথবা নগদ ব্যালান্স টপ-আপ (অয়স্টারে থাকা অর্থ বাড়িয়ে নেয়া) করতে পারেন এইভাবে:

- অনলাইন **tfl.gov.uk/oyster**-এ (বাস পাস সিজন টিকেট ছাড়া)
- টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশনের টাচস্ক্রিন মেশিনের মাধ্যমে বা টিকেট অফিসগুলোতে
- 2,200 এর অধিক অয়স্টার টিকেট স্টপে - আপনার কাছের স্টপটি **tfl.gov.uk/oyster**-এ খুঁজে দেখুন
- কয়েকটি ন্যাশনাল রেল টিকেট অফিসে
- লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারগুলোতে
- **0845 330 9876**† নম্বরে ফোন করে

† বিটি-এর আবাসিক গ্রাহকদের জন্য, অয়স্টার হেল্পলাইনে ফোন করার খরচ প্রতি মিনিটে অনধিক 3.5p (নভেম্বর 2007 এ বর্তমান মূল্য)। বিটি ছাড়া অন্য লাইন থেকে করা ফোনের খরচ আলাদা হতে পারে।

কীভাবে আমি আমার অর্থ নিরাপদ রাখতে পারি?

আপনার কার্ডটি হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলেও আপনার অয়স্টার কার্ড, ট্রাভেলকার্ড, বাস পাস এবং/বা ভ্রমণের সময়ে পে অ্যাজ ইউ গো পরিশোধিত অর্থ নিরাপদ থাকবে যদি আপনি কার্ডটি নিবন্ধন করে থাকেন।

এছাড়া আপনার জন্য জানা জরুরি বা প্রয়োজন এমন তথ্য সম্বলিত ইমেলও আপনি আমাদের কাছ থেকে পেতে পারেন, যেমন আপনার নিয়মিত ভ্রমণের ব্যাপারে পরিকল্পিত বিঘ্নের বিবরণ বা অয়স্টারের নতুন কোনো পরিষেবার ধারণা।

আপনি যখন প্রথম অয়স্টার কার্ড হাতে পান তখনই নিবন্ধন করা হচ্ছে সবচে সহজ। তবে পরবর্তী তারিখেও আপনার কার্ডটি এইখানে নিবন্ধন করা সম্ভব:

- টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশনের টিকেট অফিসগুলোতে
- অয়স্টার টিকেট স্টপগুলোতে

আপনার অয়স্টার কার্ডে বিদ্যমান দ্রব্যাদি অনলাইনে **tfl.gov.uk/oyster**-এ সুরক্ষা করতে পারেন।

নিবন্ধনের সময়ে, আপনাকে একটি পাসওয়ার্ড বেছে নেবার জন্য বলা হবে। আপনার কার্ড চুরি হয়ে গেলে বা হারিয়ে গেলে আপনার যে কোন অনুসন্ধানের দ্রুত প্রক্রিয়াকরণে আমাদের সাহায্য করার জন্য এটিকে আপনার অয়স্টার কার্ডের সাথে সুরক্ষিতভাবে রাখুন।



আমি এখন কী করব?

আপনার কেন অয়স্টার কার্ড থাকা উচিত এবং আপনি কিভাবে সেটা ব্যবহার করবেন তা আপনি এখন জেনে গেছেন, এটি পাওয়ার **3 টি সহজ** ধাপ এখানে দেয়া হলো:

1. আপনার কার্ডের জন্য অনলাইন **tfl.gov.uk/oyster** -এ, টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশনের টিকেট অফিসগুলোতে, অয়স্টার টিকেট স্টপগুলোতে, কয়েকটি ন্যাশনাল রেল টিকেট অফিসে, লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারগুলোতে অথবা **0845 330 9876**† নম্বরে ফোন করে আবেদন করুন।

2. আপনার জন্যে কোনটা সবচেয়ে উপযুক্ত সে ব্যাপারে সিদ্ধান্ত নিন; 7 দিন, মাসিক, বা দীর্ঘতর সময়ের ট্র্যাভেলকার্ড/ বাস পাস এবং/ বা পে অ্যাজ ইউ গো।

3. আপনার কার্ডটি নিরাপদ রাখার জন্য নিবন্ধন করুন। আপনার অবশ্যই কার্ডের নাম্বার (কার্ডের পিছনে রয়েছে) ও পাসওয়ার্ডের একটি রেকর্ড রাখা উচিত।

এটা এতটাই সহজ।

† বিটি-এর আবাসিক গ্রাহকদের জন্য, অয়স্টার হেল্পলাইনে ফোন করার খরচ প্রতি মিনিটে অনধিক 3.5p (নভেম্বর 2007 এ বর্তমান মূল্য)। বিটি ছাড়া অন্য লাইন থেকে করা ফোনের খরচ আলাদা হতে পারে।

আরো বাড়তি সাহায্য চান?

আপনার কোন প্রশ্ন থাকলে:

- **tfl.gov.uk/oyster** পরিদর্শন করুন
- **0845 330 9876**† আলাদা নম্বরে অয়স্টার হেল্পলাইনে ফোন করুন (রোজ সকাল 0800 - 2000 পর্যন্ত খোলা)
- কোনো কর্মীকে জিজ্ঞাসা করুন
- টিউব (Tube) স্টেশন এবং টিকেট স্টপে সহজলভ্য **'Get the most out of your Oyster card'**, (আপনার অয়স্টার কার্ড থেকে সর্বাধিক সুবিধা নিন) নামক নির্দেশিকাটি সংগ্রহ করুন। এটা অনলাইনে ডাউনলোডও করা যায়।

† বিটি-এর আবাসিক গ্রাহকদের জন্য, অয়স্টার হেল্পলাইনে ফোন করার খরচ প্রতি মিনিটে অনধিক 3.5p (নভেম্বর 2007 এ বর্তমান মূল্য)। বিটি ছাড়া অন্য লাইন থেকে করা ফোনের খরচ আলাদা হতে পারে।

আমি কীভাবে অয়স্টার কার্ড পেতে পারি?

আপনি এইভাবে পেতে পারেন:

- অনলাইন **tfl.gov.uk/oyster –** এ
- টিউব (Tube) ও লন্ডন ওভারগ্রাউন্ড স্টেশনের টাচস্ক্রিন মেশিনের মাধ্যমে বা টিকেট অফিসগুলোতে
- লন্ডন জুড়ে 2,200 এর অধিক অয়স্টার টিকেট স্টপে
- কয়েকটি ন্যাশনেল রেল টিকেট অফিসে
- লন্ডন ট্রাভেল ইনফরমেশন সেন্টারগুলোতে
- **0845 330 9876**† নম্বরে ফোন করে

আপনি যখন প্রথম আপনার অয়স্টার কার্ড পাবেন, তখন আপনি যদি শুধু পে অ্যাজ ইউ গো এর জন্য নগদ জমা করেন তাহলে আপনাকে ফেরতযোগ্য £3 জমা দিতে হবে।

নভেম্বর 2007 - প্রেসে যাবার সময় সমস্ত তথ্যাবলী সঠিক ছিল।

অয়স্টার ওয়েবসাইট

tfl.gov.uk/oyster

অয়স্টার হেল্পলাইন

0845 330 9876†

† বিটি-এর আবাসিক গ্রাহকদের জন্য, অয়স্টার হেল্পলাইনে ফোন করার খরচ প্রতি মিনিটে অনধিক 3.5p (নভেম্বর 2007 এ বর্তমান মূল্য)। বিটি ছাড়া অন্য লাইন থেকে করা ফোনের খরচ আলাদা হতে পারে।